

বিমান বাহিনীর এয়ার মার্শাল সম্মেলন অনুষ্ঠিত

- A Monitor Desk Report

Date: 25 January, 2025



চট্টগ্রাম: বাংলাদেশ বিমান বাহিনীর এয়ার মার্শাল সম্মেলন শুক্রবার (২৪ জানুয়ারি) চট্টগ্রামস্থ বিমান বাহিনী ঘাঁটি জহরুল হক-এ অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিমান বাহিনী প্রধান এয়ার চীফ মার্শাল হাসান মাহমুদ খাঁন।

বিমান বাহিনী প্রধান অনুষ্ঠানস্থলে পৌঁছলে তাঁকে বিমান বাহিনী ঘাঁটি জহরুল হক এর এয়ার অধিনায়ক অভ্যর্থনা জানান।

সম্মেলনে বিমান বাহিনী প্রধান উপস্থিত এয়ার ভাইস মার্শাল পদবীর কর্মকর্তাদের উদ্দেশ্যে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। তিনি দেশের আকাশসীমা রক্ষার পাশাপাশি দেশমাতৃকার সেবায় বাংলাদেশ বিমান বাহিনীর অবদানের কথা উল্লেখ করেন।

এ সময় তিনি আধুনিক ও যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা অর্জন করে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত থাকার জন্য বাংলাদেশ বিমান বাহিনীর সকল সদস্যদের প্রতি আহ্বান জানান এবং বিমান বাহিনীর প্রত্যেক সদস্য আগামী দিনে দেশ সেবার অনন্য দৃষ্টান্ত স্থাপন করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

পরবর্তীতে, তিনি এয়ার ভাইস মার্শাল পদবীর কর্মকর্তাদের সঙ্গে আলোকচিত্রে অংশগ্রহণ করেন।

-B